অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 1/9/2025 **গভর্নর ক্যাথি হোকল**

গভর্নর HOCHUL (হোকল) 2024 সালে হওয়া চরম আবহাওয়া এবং অন্যান্য প্রাকৃতিকভাবে হওয়া ইভেন্টে পুরো স্টেটের সাড়াদানের বিস্তারিত দিলেন

প্রেসিডেন্ট Biden-এর (বাইডেন) থেকে চারটি মেজোর ডিজেস্টার ডিক্লারেশন নিশ্চিত করা গেছে

তুষারঝড়, বন্যা, টর্নেডো, চরম তাপ, হারিকেন, দাবানল, খরা এবং একটি ভূমিকম্প 2024 সালের জরুরি সাড়াদান কর্মকাণ্ডে প্রধান প্রধান ভূমিকা পালন করেছে

32টি টর্নেডো এর আগে 1992 সালের 25টির রেকর্ডকে ভেঙ্গে দিয়েছে

সম্পূর্ণ সূর্যগ্রহণ দেখতে আসা এক মিলিয়নের বেশি মানুষকে ঘিরে কর্মকাণ্ডকে সমর্থন করতে স্টেট প্রধান ভূমিকা পালন করেছে

গভর্নর Kathy Hochul (ক্যাথি হোকল) আজকে ঘোষণা করেছেন যে নিউ ইয়র্ক স্টেট গত বছর পুরো বছরজুড়ে একের বেশি আবহাওয়া সম্পর্কিত জরুরি অবস্থা এবং দুর্যোগের সাড়াদান করেছে। এর মধ্যে আছে 32টি টর্নেডো, পাঁচটি লেক ইফেক্ট তুষার এবং শীতকালীন আবহাওয়ার ইভেন্ট, আট দিনের চরম তাপ, একটি ভূমিকম্প, হারিকেন বেরিল (Hurricane Beryl) এবং ট্রপিক্যাল ঝড় ডেবির (Tropical Storm Debby) অবশিষ্টাংশের ফলে হওয়া পুরো স্টেটের বন্যা, সাফোক কাউন্টিতে আগস্ট মাসে আরেকটি বন্যার ঘটনা, একটি খরা এবং শরৎ মৌসুমের দাবানল যা একাধিক সপ্তাহ ধরে নিউ ইয়র্কের পূর্বদিকের অংশকে পুড়িয়েছে। এইসব আবহাওয়ার ঘটনার জন্য স্টেট প্রেসিডেন্ট Biden-এর (বাইডেন) কাছ থেকে চারটি মেজোর ডিজেস্টার ডিক্লারেশন পেয়েছে। পাশাপাশি, স্টেট একটি পূর্ণ সূর্যগ্রহণকে ঘিরে সাড়াদানকে সামাল দিয়েছে যার জন্য নিউ ইয়র্কে নজিরবিহীন সংখ্যার মানুষ বেড়াতে এসেছে এবং হারিকেন হেলেন (Helene) ও মিল্টনের (Milton) পর নর্থ ক্যারোলিনা (North Carolina), সাউথ ক্যারোলিনা (South Carolina), জর্জিয়া (Georgia) এবং ফ্লোরিডা (Florida) কাউন্টিগুলিকে সমর্থন দিয়েছে।

"দাবানল, ব্লিজার্ড বা এর মাঝখানের যা কিছু হোক না কেনো, আমার অ্যাডমিনিস্ট্রেশন সবসময় নিউ ইয়র্কবাসীকে নিরাপদ রাখার জন্য আমাদের জরুরি সাড়াদান ক্ষমতার সম্পূর্ণ শক্তি ব্যবহার করবে," **গভর্নর Hochul (হোকল) বলেন।** "নিয়মিত ট্রেনিং, স্কেলিংয়ের উন্নতি এবং আমাদের

রিসোর্স দ্রুত করা, এবং আমাদের ফার্স্ট রেস্পন্ডারদের নিঃস্বার্থ নিবেদনের কারণে, প্রকৃতি আমাদের দিকে যাই ছুঁড়ে দিক না কেনো আমরা তার জন্য প্রস্তুত আছি।"

13 জানুয়ারি থেকে শুরু হওয়া, একের বেশি দিন ধরে থাকা বড় আকারের তুষারঝড় ওয়েস্টার্ন নিউ ইয়র্ক (Western New York) এবং নর্থ কান্ট্রির (North Country) কিছু অংশে একের বেশি ফুট লেক ইফেক্ট তুষার নিয়ে আসে। ঝড়ের আগে গভর্নর Hochul (হোকল) অ্যালবনিতে (Albany) স্টেটের ইমার্জেন্সি অপারেশন্স সেন্টার (Emergency Operations Center) সক্রিয় করেন এবং ওয়েস্টার্ন নিউ ইয়র্কে সাধারণ সমর্থন দেওয়ার জন্য নিউ ইয়র্ক ন্যাশনাল গার্ডের (New York National Guard) 100 জন সৈন্য ও এয়ারমেন এবং 25টি যানবাহনকে সচল করেন।

22-23 মার্চ একটি শীতকালীন ঝড় ক্যাপিটাল রিজিয়নে (Capital Region) তুষার ও বরফ নিয়ে আসে, যার ফলে ক্যাপিটাল রিজিয়ন এক ইঞ্চির চারভাগের তিন ভাগ পর্যন্ত তুষার জমে যায় এবং ওয়াশিংটন (Washington) এবং সারাটোগা (Saratoga) কাউন্টিতে মোট দুই বা আরো বেশি ফুট তুষারপাত হয়।

5 এপ্রিল নিউ জার্সিতে (New Jersy) একটি 4.8 মাত্রার ভূমিকম্প হয়, যার পরে দুই ডজনের বেশি আফটার শক হয় যার ফলে স্টেটের এজেন্সিগুলি জননিরাপত্তা নিশ্চিত করতে ইন্‌ফ্রাস্ট্রাকচারের ইন্সপেকশন করে। এর মধ্যে ছিলো ডিপার্টমেন্ট অফ ট্রান্সপোর্টেশন (Department of Transportation, DOT), ডিপার্টমেন্ট অফ পাবলিক সার্ভিস (Department of Public Service), মেট্রোপলিটন ট্রান্সপোর্টেশন অথোরিটি (Metropolitan Transportation Authority), পোর্ট অথোরিটি অফ নিউ ইয়র্ক অ্যান্ড নিউ জার্সি (Port Authority of New York and New Jersey) এবং নিউ ইয়র্ক পাওয়ার অথোরিটি (New York Power Authority)।

বছরের প্রথম হিটওয়েভটি হয়েছিলো 18-21 জুনের মধ্যে এবং সর্বোচ্চ, "ফিলস-লাইক" তাপমাত্রা রেকর্ড করা হয় এসেক্স নিউ ইয়র্ক স্টেট মেসোনেট (Essex New York State Mesonet) সাইটে, যা ছিলো 110ºF। সবথেকে গরম দিন ছিলো 15-17 জুলাইয়ের মধ্যে এবং পুরো স্টেটে তাপমাত্রা সর্বোচ্চ হয় 16 জুলাই। এর সাড়াদান করার জন্য, ডিপার্টমেন্ট অফ হেলথ (Department of Health, DOH), অফিস অফ চিলড্রেন অ্যান্ড ফ্যামিলি সার্ভিসেস (Office of Children and Family Services), ডিপার্টমেন্ট অফ এগ্রিকালচার অ্যান্ড মার্কেটস (Department of Agriculture and Markets) এবং অন্যান্য এজেন্সিসহ স্টেট এজেন্সিগুলি নিউ ইয়র্কবাসীদের স্বাস্থ্য ও নিরাপত্তা নিশ্চিত করতে কর্মকাণ্ড করে।

এছাড়াও নিউ ইয়র্ক স্টেটে 2024 সালে রেকর্ড সংখ্যক 32টি টর্নেডো নিশ্চিত করা হয়েছে, যা ইডেন (Eden) থেকে রোম (Rome) হয়ে লং আইল্যান্ড (Long Island) পর্যন্ত পুরো স্টেটের অনেক অবস্থানে আঘাত করেছে, এটি 1992 সালের 25টির আগের রেকর্ড ভেঙ্গে দিয়েছে। শুধু জুলাই মাসেই 23টি হয়েছে যা নিউ ইয়র্ক স্টেটে এক মাসের সর্বোচ্চ নিশ্চিত টর্নেডোর সংখ্যার রেকর্ড।

স্থানীয় ঝড়ের জন্য এবং হারিকেন ও ট্রপিক্যাল ঝড়ের অবশিষ্টাংশের জন্য পুরো স্টেটের অনেক অঞ্চল মারাত্মক বন্যায় আক্রান্ত হয়, যেমন 10 জুলাইয়ের হারিকেন বেরিল, 9 অগাস্টের ট্রপিক্যাল ঝড় ডেবি এবং 18-19 আগস্ট সাফোক কাউন্টিতে রেকর্ড বৃষ্টিপাত ও ব্যাপক বিস্তৃত

বন্যা তৈরি করা ঝড়। এইসব ঝড়ের প্রত্যেকটির কারণে একটি মেজোর ডিজেস্টার ডিক্লারেশন (Major Disaster Declaration) এসেছে, এবং ট্রপিক্যাল ঝড় ডেবির জন্য দুইটি এসেছে। এটি হয়েছে ঝড় থেকে পুনরুদ্ধার পেতে স্থানীয় সরকারগুলির সাথে কাজ করা একের বেশি স্টেট এজেন্সির কাজের জন্য, যাদের মধ্যে আছে ডিভিশন অফ হোমল্যান্ড সিকিউরিটি অ্যান্ড ইমার্জেন্সি সার্ভিসেস (Division of Homeland Security and Emergency Services), ডিপার্টমেন্ট অফ ট্রান্সপোর্টেশন, নিউ ইয়র্ক স্টেট পুলিশ (New York State Police), থ্রুওয়ে অথোরিটি (Thruway Authority) এবং ন্যাশনাল গার্ড।

ঐতিহাসিক বৃষ্টিপাতের অভাবের কারণে 2024 সালে নিউ ইয়র্ক স্টেট পুরো স্টেটে খরার পরিস্থিতি দেখেছে। Central Park এবং LaGuardia Airport সকলেই তাদের সবথেকে শুকনো অক্টোবর মাসের রেকর্ড পেয়েছে, এবং Islip Airport তাদের সর্বকালের সবথেকে শুকনো সেপ্টেম্বর ও অক্টোবর মাস দেখেছে। 18 নভেম্বর, নিউ ইয়র্ক স্টেটের ডিপার্টমেন্ট অফ এনভায়রনমেন্টাল কনজারভেশন (Department of Environmental Conservation, DEC) পুরো স্টেটে একটি ড্রট ওয়াচ জারি (drought watch) করে এবং হাডসন ভ্যালি (Hudson Valley), নিউ ইয়র্ক সিটি এবং লং আইল্যান্ডের (Long Island) 15টি কাউন্টির জন্য একটি ড্রট ওয়ার্নিং (drought warning) ঘোষণা করে, যা বৃষ্টিপাতের উল্লেখযোগ্য অভাব এবং ঝর্ণার পানি ও ভূপৃষ্ঠের পানির মাত্রা কমে যাওয়ার কারণে 2016 সালের পর প্রথমবার হয়েছে। এই বছরের খরার সময় নিউ ইয়র্ক স্টেটের এজেন্সিগুলি পানির ঘাটতিতে থাকা একের বেশি মিউনিসিপ্যালিটিকে সহায়তা করেছে। 3 জানুয়ারি, 2025 তারিখে সব কাউন্টি পুরো স্টেটের করার অবস্থার স্বাভাবিক পর্যায়ে ফেরত যায়। খরার পরিস্থিতি সম্পর্কে তথ্য পাওয়া যাবে DEC-এর ওয়েবসাইটে।

শরৎ মৌসুমে, অরেঞ্জ (Orange) এবং আলস্টার (Ulster) কাউন্টি এবং নিউ জার্সি স্টেট লাইনের দাবানলের সাথে লড়াই করতে নিউ ইয়র্ক স্টেট সাহায্য করে। NYS অফিস অফ ফায়ার প্রিভেনশন অ্যান্ড কন্ট্রোল (Office of Fire Prevention and Control) সাড়াদানের কোঅর্ডিনেশন করেছে এবং পুরো স্টেটের 427টি ফায়ার ডিপার্টমেন্টের সাথে কাজ করেছে যারা আগুন নেভাতে সাহায্য করার জন্য 1,325 জন দমকলকর্মীকে পাঠিয়েছে যাদের প্রায় সবাই ভলান্টিয়ার। 30 জনের বেশি DEC-এর ফরেস্ট রেনজার, বনভূমির দমকলকর্মী এবং অন্যান্য সাপোর্ট পার্সোনেল এবং মন্টানা (Montana) ও কলোরাডোর (Colorado) দমকলকর্মীরা আগুনের বিরুদ্ধে লড়াইয়ে সাহায্য করেছে।

সবশেষে, নভেম্বরের শেষের দিকে এবং ডিসেম্বরের শুরুর দিকে ওয়েস্টার্ন নিউ ইয়র্ক এবং নর্থ কান্ট্রি অঞ্চলগুলিতে লেক ইফেক্ট তুষার দেখা গেছে যার ফলে একের বেশি ফুট তুষার পড়েছে।

এইসব আবহাওয়ার ইভেন্টের সাড়াদান হিসেবে আমাদের ফেডারেল পার্টনারদের সাথে কাজ করে গভর্নর Hochul (হোকল) একের বেশি তীব্র ঝড় ও বন্যার ইভেন্টের জন্য চারটি মেজোর ডিজেস্টার ডিক্লারেশন এবং নয়টি ইউনাইটেড স্টেটসের স্মল বিজনেস অ্যাডমিনিস্ট্রেশনের (Small Business Administration) ডিক্লারেশন করেছেন যারা প্রভাবিত কমিউনিটিগুলিকে কম সুদের ঋণ দিয়ে থাকে। নভেম্বর মাসে, গভর্নর Hochul (হোকল) ফেডারেল ইমার্জেন্সি ম্যানেজমেন্ট এজেন্সির (Federal Emergency Management Agency, FEMA) থেকে একটি ফায়ার ম্যানেজমেন্ট অ্যাসিস্টেন্স গ্র্যান্ট ডিক্লারেশন (Fire Management Assistance Grant

Declaration) নিশ্চিত করেন যা দাবানলের মোকাবেলা করার চেষ্টার সাথে জড়িত কিছু ব্যয় পরিশোধ করার জন্য ফেডারেল তহবিল দিবে।

আবহাওয়ার ইভেন্টের পাশাপাশি স্টেট 8 এপ্রিলের পূর্ণ সূর্যগ্রহণ ইভেন্টের জন্য একের বেশি এজেন্সির ইভেন্ট এবং জননিরাপত্তা অপারেশনের পরিকল্পনা ও পরিচালনা করেছে, যার জন্য নায়াগ্রা ফলস (Niagara Falls) এবং নর্থ কান্ট্রিসহ প্রধান প্রধান দেখার অবস্থানগুলিতে প্রায় এক মিলিয়ন মানুষ বেড়াতে এসেছিলো। গভর্নর Hochul (হোকল) প্রায় দুই ডজন স্টেট এজেন্সি এবং অথোরিটিকে নিয়ে একটি ইন্টারএজেন্সি টাস্ক ফোর্স (Interagency Task Force) গঠন করেন যারা ইভেন্টটির প্রস্তুতিতে 18 মাস ধরে একসাথে কাজ করেছে, সবাই যাতে নিরাপদে সূর্যগ্রহণ উপভোগ করতে পারে তা নিশ্চিত করেছে।

অনেক স্টেট এজেন্সির 200-এর বেশি জরুরি ব্যবস্থাপনা কর্মী সদস্যরা অক্টোবর ও নভেম্বর মাসের হারিকেন হেলেন ও মিল্টনের পর নর্থ ক্যারোলিনা, সাউথ ক্যারোলিনা, জর্জিয়া এবং ফ্লোরিডার আমাদের প্রতিবেশীদের সাহায্য করতে সাড়াদান করেছে। দলের সদস্যের মধ্যে ন্যাশনাল গার্ড, ডিভিশন অফ হোমল্যান্ড সিকিউরিটি অ্যান্ড ইমার্জেন্সি সার্ভিসেস, ডিপার্টমেন্ট অফ ট্রান্সপোর্টেশন, ডিপার্টমেন্ট অফ এনভায়রনমেন্টাল কনজারভেশন, নিউ ইয়র্ক স্টেট পুলিশ, থ্রুওয়ে অথোরিটি, এগ্রিকালচার অ্যান্ড মার্কেটস, অফিস অফ ইনফরমেশন টেকনোলজি সার্ভিসেস (Office of Information Technology Services) , নিউ ইয়র্ক সিটি এবং আলস্টার ও মন্টগোমারি (Montgomery) কাউন্টির স্টাফ ছিলো।

স্টেট এজেন্সির সাড়াদান

ডিভিশন অফ হোমল্যান্ড সিকিউরিটি অ্যান্ড ইমার্জেন্সি সার্ভিসেস নিউ ইয়র্ক স্টেটের অফিস অফ ইমার্জেন্সি ম্যানেজমেন্ট (Office of Emergency Management, OEM) পুরো 2024 সালে এর সার্বিক সাড়াদানের ক্ষমতা দেখিয়েছে, তারা 16টি স্টেট ইমার্জেন্সি অপারেশন সেন্টারের কোঅর্ডিনেশন করেছে এবং স্থানীয় পার্টনারদের সাথে অনেক ফিল্ড ডিপ্লয়মেন্টের সামাল দিচ্ছে। NYS ইন্সিডেন্ট ম্যানেজমেন্ট টিমটি (Incident Management Team) পুরো 2024 সালে সাতটি ডিপ্লয়মেন্ট করেছে এবং OEM 14টি ইন্টারস্টেট মিউচুয়াল এইড মিশনের কোঅর্ডিনেশন করেছে, যা স্থানীয় জরুরি অবস্থার সামাল দেওয়া এবং মাল্টি-স্টেট অপারেশন উভয় সামাল দেওয়ার ব্যাপারে নিউ ইয়র্কের ক্ষমতা দেখায়।

নিউ ইয়র্ক স্টেট পাবলিক সার্ভিস ডিপার্টমেন্ট (New York State Department of Public Service)
নিউ ইয়র্ক স্টেটে ক্ষয়ক্ষতি যাচাই, সাড়াদান, মেরামত এবং পুনঃস্থাপন চেষ্টার কাজ করার জন্য পুরো স্টেটে সাধারণত যে আনুমানিক 5,500 জন ইউটিলিটি কর্মী থাকে তাদের পাশাপাশি প্রয়োজন অনুযায়ী নিউ ইয়র্কের ইউটিলিটি 35,000-এর বেশি চুক্তিভিত্তিক কর্মীকে এনেছে যারা 2024 সালের ঝড়ের ইভেন্টগুলির সময় প্রায় 2.7 মিলিয়ন বিদ্যুৎ বিভ্রাটের ক্ষেত্রে সাহায্য করেছে। এজেন্সির কর্মীরা ইভেন্টগুলির পুরো সময়ে ইউটিলিটির কাজের উপর নজর রেখেছে এবং নিশ্চিত করেছে যাতে সবথেকে বেশি প্রভাবিত অঞ্চলগুলিতে যথাযথ কর্মী সরানো হয়।

নিউ ইয়র্ক স্টেট পরিবহন বিভাগ (Department of Transportation)

পুরো 2024 সালে জরুরি পরিস্থিতিতে DOT পুরো শক্তি নিয়ে সাড়াদান করেছে, যার মধ্যে আছে আটটি তীব্র লেক ইফেক্ট তুষার ঝড় যার মধ্যে দুইটি জানুয়ারি ও নভেম্বর মাসের Buffalo Bills-এর হোম গেমসের সময় হয়েছে; এবং একটি দীর্ঘ সময়ের বসন্তকালের ঝড় যা স্টেটের অনেক অংশে তুষার, ভারী বৃষ্টিপাত এবং বন্যা ছড়িয়ে দিয়েছে। এছাড়াও এপ্রিল ও জুন মাসে অঞ্চলটি ভূমিকম্পে কেঁপে উঠার পর ডিপার্টমেন্টটি স্টেটের অতি গুরুত্বপূর্ণ ইনফ্রাস্ট্রাকচার নিরাপদ কিনা তা চেক করেছে ও নিশ্চিত করেছে; এবং এপ্রিল মাসে পূর্ণ সূর্যগ্রহণের সময় পুরো স্টেটে লজিস্টিক, ট্র্যাফিক এবং জরুরি প্রস্তুতির সমর্থন দিয়েছে; রোমে বিপর্যয় সৃষ্টিকারী টর্নেডোর পর পরিচ্ছন্নতার চেষ্টায় সাহায্য করেছে; এবং ট্রপিক্যাল ঝড় ডেবি এবং হারিকেন হেলেনের কারণে নর্থ কান্ট্রি, সাউদার্ন টিয়ার (Southern Tier), ওয়েস্টার্ন নিউ ইয়র্ক এবং ফিঙ্গার লেকস (Finger Lakes) অঞ্চলে হওয়া ভারী বৃষ্টিপাতের পর স্টেটের হাইওয়ে সিস্টেমের জরুরি মেরামত করেছে। পাশাপাশি, ডিপার্টমেন্ট ক্যাটস্কিলসের (Catskills) দাবানল এবং লেক জর্জের (Lake George) ন্যারো আইল্যান্ডের (Narrow Islands) উপড়ে পড়া গাছের ব্যাপারে সাড়াদান করতে অন্যান্য এজেন্সিকে সাহায্য করেছে।

নিউ ইয়র্ক স্টেটের থ্রুওয়ে অথোরিটি

ভারী তুষার এবং বৃষ্টি থেকে শুরু করে জীবনে একবার আসে এমন একটি পূর্ণ সূর্যগ্রহণ পর্যন্ত, থ্রুওয়ে অথোরিটি ধারাবাহিকভাবে পুরো বছর দ্রুততা এবং দক্ষতার সাথে সাড়াদান করেছে যাতে প্রতি বছর থ্রুওয়ে সিস্টেমের উপর নির্ভর করা কয়েকশত মিলিয়ন চালকের নিরাপত্তা নিশ্চিত করা যায়। থ্রুওয়ের কর্মীরা তাদের কাস্টোমারদের প্রত্যাশা করা নিরাপত্তা ও নির্ভরযোগ্যতা দেওয়ার মাধ্যমে থ্রুওয়েকে ঠিক রাখতে দিনরাত কাজ করে এবং সেই মিশনে কাজ করার জন্য এক মুহূর্তের নোটিশে তারা তৈরি থাকে। এই সবকিছুর সময়েই, আমাদের কর্মচারীদের ও কাস্টোমারদের নিরাপত্তা থ্রুওয়ে অথোরিটির শীর্ষ অগ্রাধিকার।

নিউ ইয়র্ক স্টেট পুলিশ (New York State Police)

2024 জুড়ে স্টেট পুলিশের সদস্যরা পুরো নিউ ইয়র্কে এবং ইউনাইটেড স্টেটসের দক্ষিণপূর্ব দিকে উল্লেখযোগ্য ইভেন্টের সময় আইন শৃঙ্খলা রক্ষা করেছে এবং অনুসন্ধান ও উদ্ধার রিসোর্স দিয়েছে। ওয়েস্টার্ন নিউ ইয়র্কে 13 এবং 14 জানুয়ারির এবং ক্যাপিটাল রিজিয়নে 22 এবং 23 মার্চের, এবং অতি সম্প্রতি শরৎ ও শীতকালীন লেক ইফেক্ট ঝড়ের বড় তুষার ইভেন্ট। 8 এপ্রিলের পূর্ণ সূর্যগ্রহণের জন্য পুরো স্টেটে ট্র্যাফিক ব্যবস্থাপনা এবং আইন শৃঙ্খলা রক্ষা করা প্রয়োজন ছিলো এবং স্টেট পুলিশ দুটির জন্যই রিসোর্স দিয়েছে। ট্রপিক্যাল ঝড়ের কারণে জুলাই এবং আগস্ট মাসের মারাত্মক বন্যার জন্য রিসোর্স প্রয়োজন হয়েছে যেমন বন্যায় আটকা পড়া বাসিন্দাদের উদ্ধার করার জন্য স্পেশালাইজড সুইফট ওয়াটার টিম। স্টেট পুলিশের ইমার্জেন্সি ম্যানেজমেন্ট ও সুইফট ওয়াটার উদ্ধারের রিসোর্স হারিকেন হেলেনের ফলে সৃষ্ট তীব্র বন্যায় প্রভাবিত মানুষকে সাহায্য করার জন্য নর্থ ক্যারোলিনাতে সাড়াদান করে। অক্টোবর এবং নভেম্বরের দাবানল ছড়িয়ে পড়ার পুরো সময়ে টহলের কর্মী এবং এভিয়েশনের সম্পদ, যেমন আনম্যানড এরিয়াল সিস্টেম (Unmanned Aerial Systems), কাজে লাগানো হয়েছে।

নিউ ইয়র্ক স্টেটের পরিবেশ সংরক্ষণ বিভাগ (New York State Department of Environmental Conservation, DEC)

পুরো 2024 সালে DEC অসংখ্য জরুরি ঘটনার সাড়াদান করেছে, ঝড়ের পর দ্রুত পরিবেশ বিষয়ক অনুমোদন জারি করেছে, এবং স্টেটের ডিপার্টমেন্ট অফ হেলথের সাথে মিলে নিউ ইয়র্কবাসীদেরকে বাতাসের মাণ সম্পর্কে উদ্বেগের কারণ থাকলে তা জানিয়েছে। DEC-এর ইমার্জেন্সি ম্যানেজমেন্ট ইউনিট (Emergency Management Unit) এবং অন্যান্য এজেন্সির জরুরি সাড়াদানকারীরা 32টি মাল্টি-এজেন্সি ঘটনার সাথে যোগ দিয়েছে, যেমন লেক ইফেক্ট তুষার ঝড়, সূর্যগ্রহণ, রোমের টর্নেডো, লং আইল্যান্ডের নজিরবিহীন বৃষ্টিপাত এবং হারিকেন হেলেনের জন্য নর্থ ক্যারোলিনার একের বেশি অনুরোধ। শুধু অক্টোবর এবং নভেম্বর মাসেই DEC-এর স্টাফ 46টি দাবানলের আগুনের জন্য সাড়াদান করেছে যার মধ্যে অরেঞ্জ কাউন্টির জেনিংস ক্রিকের 5,304 একর ছিলো। এছাড়াও DEC স্টেটে পেট্রোলিয়াম ও অন্যান্য বিপজ্জনক উপাদান পড়ে যাওয়ার 10,450 ঘটনার জন্য সাড়াদান করেছে। জীবন, স্বাস্থ্য, সম্পত্তি বা প্রাকৃতিক রিসোর্সকে অবিলম্বে ঝুঁকিগ্রস্ত করতে পারে এমন তীব্র আবহাওয়ার ইভেন্টের জন্য DEC জরুরি অনুমোদন জারি করে যাতে সেই জরুরি অবস্থার জন্য দ্রুত সাড়াদান নিশ্চিত করা যায়। 2024 সালে কমিউনিটিগুলিকে পুনর্গঠনে সাহায্য করার জন্য DEC 182টি জরুরি অনুমোদন দিয়েছে, এর মধ্যে বেশিরভাগ ঝড় সম্পর্কিত জরুরি অবস্থা। DEC-এর মেটেরোলজিস্টরা যদি অনুমান করতে পারে যে ওজোন বা ফাইন পার্টিকুলেট ম্যাটারের জন্য (fine particulate matter, PM2.5) এয়ার কোয়ালিটি ইনডেক্সের মাণ (Air Quality Index, AQI) 100-এর বেশি হতে পারে, তখন তারা DOH-এর সাথে মিলে এয়ার কোয়ালিটি হেলথ অ্যাডভাইজরি (Air Quality Health Advisories) জারি করে। একটি স্কেলে, আরও বেশি স্বাস্থ্যজনিত উদ্বেগের সূচিত করে একটি আরও বেশি AQI মান সহযোগে বিভিন্ন দূষনকারী পদার্থের মাত্রার পারস্পরিক সম্পর্ক নির্ধারণের জন্য একটি সহজ পদ্ধতি হিসাবে AQI তৈরি করা হয়েছিল। 2024 সালে DEC 25টি এয়ার কোয়ালিটি হেলথ অ্যাডভাইজরি জারি করেছে, তার মধ্যে 22টি ওজোনের জন্য। দাবানলের ধোঁয়ার কারণে পার্টিকুলেট ম্যাটারের জন্য তিনটি অ্যাডভাইজরি জারি করা হয়েছিলো। এছাড়াও, নিউ ইয়র্কবাসীদের উপর, বিশেষ করে সুবিধাবঞ্চিত কমিউনিটির মানুষের উপর যাদের চরম তাপের কারণে ক্ষতিকর স্বাস্থ্য প্রভাবের শিকার হওয়ার সম্ভাবনা বেশি, তাদের জন্য চরম তাপের প্রভাবের জন্য পরিকল্পনা ও এর সমাধান করতে নিউ ইয়র্ক স্টেট এক্সট্রিম হিট অ্যাকশন প্ল্যান (Extreme Heat Action Plan) প্রকাশ করেছে।

পার্ক, বিনোদন এবং ঐতিহাসিক সংরক্ষণের নিউ ইয়র্ক স্টেট অফিস (New York State Office of Parks, Recreation and Historic Preservation, OPRHP)

এপ্রিল মাসে পূর্ণ সূর্যগ্রহণের জন্য স্টেট পার্ক সিস্টেমে নজিরবিহীন বেড়াতে আসা মানুষকে নিরাপদে স্বাগত জানাতে নিউ ইয়র্ক স্টেট অফিস অফ পার্কস, রিক্রিয়েশন অ্যান্ড হিস্টোরিক প্রিজার্ভেশন (OPRHP) সম্পূর্ণ জড়িত ছিলো। 6 থেকে 9 এপ্রিল পর্যন্ত সূর্যগ্রহণের সাক্ষী হতে প্রায় এক মিলিয়ন মানুষ একসাথে নিউ ইয়র্কের স্টেট পার্কগুলিতে বেড়াতে গেছে, যা 2023 সালের একই দিনগুলির তুলনায় 45 শতাংশের বেশি উপস্থিতি। শুধু 8 এপ্রিলেই, নিউ ইয়র্ক স্টেট পার্কস 326,500 জনের বেশি বেড়াতে আসা মানুষকে স্বাগত জানিয়েছে, তার আগের বছরের উপস্থিতির তুলনায় এটি 52 শতাংশ বেশি, এবং 12টি স্টেট পার্কে পূর্ণ ধারণক্ষমতার সমান মানুষ ছিলো। নভেম্বরে, পার্ক পুলিশ (Park Police), জরুরি ব্যবস্থাপনা স্টাফ এবং অপারেশন ক্রুরা Sterling Forest State Park-এর জেনিংস ক্রিকের (Jennings Creek) দাবানলের জন্য অরেঞ্জ কাউন্টিতে সাড়াদান করেছে। আগুন নিউ ইয়র্ক এবং নিউ জার্সির মোট 5,304 একর পুড়িয়ে

দিয়েছে, যার মধ্যে নিউ ইয়র্কের অংশ 3,021। একজন OPRHP কর্মী, Dariel Vasquez (ড্যারিয়েল ভ্যাসকুয়েজ) একটি ফায়ার লাইন তৈরির কাজে সমর্থন করার সময় মারাত্মকভাবে আহত হন। পুরো বছরে OPRHP মোট 65 জন স্ট্যান্ডবাই সয়ার ক্রুয়ের ব্যবস্থা করে যাতে তারা 12টি আলাদা ঝড়ের ইভেন্টে সাহায্য করার জন্য প্রস্তুত থাকে।

নিউ ইয়র্ক স্টেটের ডিপার্টমেন্ট অফ হেলথ

জলবায়ু পরিবর্তনের কারণে চরম আবহাওয়া দেখা যায় এবং স্টেটের হেলথ ডিপার্টমেন্টটি জনস্বাস্থ্যের উপর, বিশেষ করে দুর্বল জনসংখ্যার উপর এর প্রভাব নিয়ে চিন্তিত। চরম তাপের সময় সকল নিউ ইয়র্কবাসীদের, বিশেষ করে যাদের ঝুঁকি সবথেকে বেশি, তাদের জন্য নিরাপত্তা বাড়াতে স্টেটের ডিপার্টমেন্ট অফ হেলথ বেশ কয়েকটি পদক্ষেপ গ্রহণ করে। ডিপার্টমেন্টটি সকল হাসপাতাল ও নার্সিং হোমে, এবং একই সাথে 5,000 জনের বেশি মানুষসহ যেকোনো পাবলিক ইভেন্টের আয়োজকদের মধ্যে নির্দেশনা বিতরণ করে। চরম তাপের সময় কুলিং সেন্টার এবং নিরাপদ স্থানের সংখ্যা বাড়াতে ডিপার্টমেন্টটি কমিউনিটিভিত্তিক অর্গানাইজেশন এবং অন্যান্য অর্থায়িত সেবাদানকারীদের সাথে জড়িত হয়। এছাড়াও ডিপার্টমেন্টটি তুষার ঝড়, টর্নেডো, হারিকেন এবং বন্যার সময় এবং পর হেলথ কেয়ার ফ্যাসিলিটিগুলির কাছে স্টাফিং ও সাপ্লাইয়ের অ্যাক্সেস আছে কিনা তাও চেক করে। হারিকেন হেলেন একটি নর্থ ক্যারোলিনার প্রধান ম্যানুফ্যাকচারার এবং হাসপাতাল ও ডায়ালাইসিস ফ্লুইডের জন্য ইন্ট্রাভেনাস সলিউশন্সের সাপ্লায়ারকে পঙ্গু করে দিয়েছে, যার ফলে পুরো দেশের এইসব মেডিকেল সাপ্লায়ার ক্ষতিগ্রস্ত হয়। ডিপার্টমেন্টটি পুরো স্টেটের হেলথ কেয়ার ফ্যাসিলিটিগুলির সাথে কাজ করে ঘাটতির প্রভাব সীমিত করার জন্য জীবন রক্ষাকারী ও প্রাণ বাঁচানোর সমাধান আছে কিনা তা মনিটর করেছে।

নিউ ইয়র্ক স্টেট ডিপার্টমেন্ট অফ এগ্রিকালচার অ্যান্ড মার্কেটস (New York State Department of Agriculture and Markets)

গুরুত্বপূর্ণ তথ্য দিয়েছে, যার মধ্যে আছে ফার্মের কর্মী এবং ফার্মের প্রাণীদের উপর চরম তাপের প্রভাব কমাতে সাহায্য করার জন্য প্রতিরোধমূলক ব্যবস্থা, যা এখানে দেখা যাবে। এছাড়াও ডিপার্টমেন্টটি কর্নেল ইউনিভার্সিটির (Cornell University) নিউ ইয়র্ক এক্সটেনশন ডিজেস্টার এডুকেশন নেটওয়ার্কের (New York Extension Disaster Education Network, NY EDEN) পার্টনারদের সাথে ঘনিষ্ঠভাবে কাজ করেছে যাতে চরম তাপের যেকোনো সম্ভাব্য প্রভাব এবং সাড়াদান মনিটর করা যায় এবং এছাড়াও নিউ ইয়র্ক সেন্টার ফর এগ্রিকালচারাল মেডিসিন অ্যান্ড হেলথের (New York Center for Agricultural Medicine and Health) সাথে মিলে কৃষি কমিউনিটির উপর চরম তাপের প্রভাব নিয়ে একটি তথ্যমূলক ওয়েবিনারের আয়োজন করেছে।

নিউ ইয়র্ক স্টেট অফিস অভ চিলড্রেন অ্যান্ড ফ্যামিলি সার্ভিস

আবাসিক কেন্দ্র, ডিটেনশন প্রোগ্রাম এবং সমবেত কেয়ার প্রোগ্রামগুলি যাতে এই গরমের সময় নিরাপদভাবে করা হয় তা নিশ্চিত করার জন্য এজেন্সি অনেকগুলি পদক্ষেপ গ্রহণ করছে। পদক্ষেপের মধ্যে আছে কুলিং সরঞ্জাম চেক করা, যথাযথ পরিমাণ পানি থাকা এবং পান করা নিশ্চিত করা, কর্মকাণ্ড ও মিটিংয়ের সময় পরিবর্তন করা, এবং তাপের কারণে প্রভাবিত হওয়ার ঝুঁকি বেশি এমন স্টাফ ও ক্লায়েন্টকে সনাক্ত করা। এছাড়াও এজেন্সি পুরো স্টেটে চাইল্ড কেয়ার প্রোগ্রাম এবং কমিশন ফর দ্য ব্লাইন্ডের (Commission for the Blind) সাথে জড়িত গ্রুপগুলিকে নির্দেশনা দিয়েছে।

নিউ ইয়র্ক স্টেট অফিস ফর দ্য এজিং

নিউ ইয়র্ক স্টেট অফিস ফর দ্য এজিং (New York State Office for the Aging, NYSOFA) এবং এরিয়া এজেন্সিস ও এজিং (Area Agencies on Aging) বয়স্ক ব্যক্তিদের শীতকালের ঝড়, চরম তাপের ইভেন্ট, বা অন্যান্য জরুরি অবস্থার আগে থেকে গুরুত্বপূর্ণ তথ্য, আউটরিচ ও সহায়তা দিয়ে থাকে। তাদের আউটরিচ চেষ্টার অংশ হিসেবে এজিং নেটওয়ার্কটি একটি কমিউনিটিকে জড়িত করার প্ল্যাটফর্ম Blooming Health-এর সাথে পার্টনারশিপ করেছে, যাতে হাজার হাজার বয়স্ক ব্যক্তি ও কেয়ারগিভারদের সাথে যোগাযোগ বাড়ানো যায়, যার মধ্যে থাকবে জরুরি নোটিফিকেশন এবং রিসোর্সের তথ্য যা টেক্সট মেসেজ, ভয়েস কল বা ইমেইলের মাধ্যমে একের বেশি ভাষায় দেওয়া হবে।

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে www.governor.ny.gov -এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418
গভর্নরের অফিস থেকে আপডেট পেতে সাইন-আপ করুন: ny.gov/signup | NEW YORK লিখে 81336 নম্বরে টেক্সট পাঠান

আনসাবস্ক্রাইব করুন